APR. 17 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য ভারতীয় শিক্ষা প্রতিষ্ঠানের বৃত্তি

ভারতের ইনস্টিটিউট অব ইন্টিগ্রেটেড লার্নিং ইন ম্যানেজমেন্ট (আইআইএলএম) বাংলাদেশের শিক্ষার্থীদের জন্য শতকরা একশ এবং পঞ্চাশ ভাগ ভিত্তিতে বৃত্তি প্রদানের সিদ্ধান্ত নিয়েছে। বাংলাদেশের প্রতিষ্ঠান ওমনিনিংক এই বৃত্তির সমন্বয়কারী হিসেবে কাজ করছে। গত সোমবার দুপুরে এক সাংবাদিক (১৪শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বাংলাদেশের শিক্ষার্থীদের

(৩য় পৃঃ পর)

সম্মেলনে একথা জানান হয়। আইআইএলএম-এর উপ-পরিচালক নিহারিকা শাহ এবং ওমনিনিংকের ব্যবস্থাপনা পরিচালক রাকীউল হাসান সাংবাদিক সম্মেলনে জানান, আইআইএলএম, ভারতের শীর্ষ ১৩টি বিজনেস স্কুলের মধ্যে একটি। স্নাতক ও স্নাতকোত্তর উভয় পর্যায়েই এই বৃত্তি প্রদান করা হবে। এমবিএ ছাড়াও মার্কেটিং, আন্তর্জাতিক বাণিজ্য, ফিনান্স, একাউন্টিং এবং ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতকোত্তর পর্যায়ে বৃত্তি দেয়া হবে। -প্রেস বিজ্ঞপ্তি